

## সুনামগঞ্জের গ্রামাঞ্চলে মাদ্রাসাগুলোর দৈন্যদশা □ শিক্ষার পরিবেশ বিঘ্নিত

**আজিজুল ইসলাম চৌধুরী :**  
সুনামগঞ্জ জেলার অধিকাংশ গ্রামের মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় দৈন্যদশা বিরাজ করছে। অনেক প্রতিষ্ঠানে শিক্ষক সংকেটসহ মরাজীর্ণ অবস্থা বিরাজ করায় মাদ্রাসা শিক্ষার মান আশঙ্কাজনকভাবে হ্রাস পাচ্ছে। বিশেষ করে এ সকল ধীনি প্রতিষ্ঠানে শিক্ষাদানের অনুকূল পরিবেশের অভাব, ভাল ঘর নেই, শিক্ষকদের সুযোগ-সুবিধার অভাব ও পৃষ্ঠপোষকতার অভাবে মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন সম্ভব হচ্ছে না। জেলার তৌহিদী জনতা জেলার গ্রামাঞ্চলের মাদ্রাসা প্রতিষ্ঠানগুলোর প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন ইতিপূর্বে আরো অনেক বার। কিন্তু কোন সরকারই এ জেলার গ্রামাঞ্চলের দৈন্যদশা বিমুক্ত করা মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে কোন ভূমিকা রাখেনি। বর্তমান চারদলীয় জোট সরকার এ জেলার মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ভূমিকা রাখবেন এই আশা করছেন জেলাবাসী। সুনামগঞ্জ জেলার ১০টি উপজেলায় অনেক গ্রামেই মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এ

নকল প্রতিষ্ঠানের ৮০ ভাগ প্রতিষ্ঠানে করণ অবস্থা বিরাজ করছে। ভাল ঘর নেই। ক্লাসরুমসহ শিক্ষকদের ব্যবস্থা অভ্যন্তরীণ শোচনীয়। কোন কোন প্রতিষ্ঠান বাইরের দিক থেকে ভাল দেখা গেলেও দরজা-জালদারবিহীন অপরিস্কার অবস্থায় ছাত্রদের দেখা পড়া করতে হচ্ছে। সুনামগঞ্জ সদর উপজেলার বেশ কিছু মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থা অভ্যন্তরীণ নাজুক। অনেক প্রতিষ্ঠানেই কৃষ্টির পানি পড়ে এবং রৌদ্রে শুকায়। ফলে শেখাপড়ার পরিবেশ মারাত্মক বিঘ্নিত হচ্ছে। অবশ্য চারদলীয় জোট সরকার ক্ষমতায় আসার পর সুনামগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য জাতীয় সংসদের হুইপ ফকরুল হক আসপিয়া জেলার মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে যথেষ্ট আন্তরিক রয়েছেন। তদন্তক্ষেত্রে তিনি কাজ করছেন বলে বিভিন্ন সভা-সমাবেশে মনোভাব ব্যক্ত করেছেন। জেলাবাসীও মাদ্রাসা শিক্ষাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে চারদলীয় জোট সরকারের নীতিনির্ধারক মহলের দিকে চেয়ে আছেন।